



আরও চারটি সরকারী মেডিক্যাল কলেজ চালু হচ্ছে

প্রকাশিত: ২৭ - আগস্ট, ২০১৮ ১২:০০ এ. এম.

- আগামী শিক্ষাবর্ষ থেকেই ভর্তির সুযোগ ॥ স্বাস্থ্যমন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ দেশে আরও চারটি নতুন সরকারী মেডিক্যাল কলেজ চালু করার অনুমোদন দেয়া হয়েছে এবং একটি কলেজের অনুমোদন হওয়ার পথে রয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, আগামী (২০১৮-১৯) শিক্ষাবর্ষ থেকেই শিক্ষার্থীরা অনুমোদনপ্রাপ্ত চারটি নতুন কলেজে ভর্তি হওয়ার সুযোগ পাবে। প্রতি জেলায় সরকারী মেডিক্যাল কলেজ স্থাপন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতির বাস্তবায়ন ইতোমধ্যে শুরু হয়ে গেছে। নওগাঁ, নেত্রকোনা, মাগুরা ও নীলফামারীতে নতুন চারটি মেডিক্যাল কলেজ গড়ে তোলা হয়েছে। অনুমোদনের অপেক্ষায় থাকা একটি মেডিক্যাল কলেজ হবে চাঁদপুরে।

রবিবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভা কক্ষে সাংবাদিকদের সঙ্গে ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময় ও সংবাদ সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এ তথ্য জানান। এ সময় স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক এমপি, স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিব সিরাজুল হক খান, স্বাস্থ্য সেবা ও পরিকল্পনা বিভাগের সচিব জিএম সালেহ উদ্দিন, অতিরিক্ত সচিব কাজী আ খ ম মুহিউল ইসলাম, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া, স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) মহাসচিব অধ্যাপক ডাঃ এমএ আজিজ, ২৫০ শয্যা টিবি হাসপাতালের উপ-পরিচালক ও প্রকল্প পরিচালক অধ্যাপক ডাঃ আবু রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

মোহাম্মদ নাসিম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী বাংলাদেশে চিকিৎসাসেবা মানুষের দোড়গোড়ায় পৌঁছে দিতে সারাদেশে প্রতি জেলায় একটি করে সরকারী মেডিক্যাল কলেজ তৈরি করা হবে। তারই ধারাবাহিকতায় জেলা পর্যায়ে নতুন নতুন মেডিক্যাল কলেজ স্থাপন শুরু হয়ে গেছে। কিছুদিন আগে সরকারী মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের জন্য ৫০০ সিট বাড়ানো করা হয়েছে। আর নতুন চারটি কলেজের জন্য বরাদ্দ করা হয়েছে নতুন ২৫০ সিট। সব মিলিয়ে সরকারী মেডিক্যাল কলেজে নতুন ৭৫০ সিট বাড়ানো করা হয়েছে।

উন্নয়ন কর্মকা- বিবেচনা করে দেশের জনগণ আবার আওয়ামী লীগকেই ভোট দেবে জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, সব সেক্টরেই উন্নয়ন ঘটিয়েছে সরকার। জঙ্গী ও অপরাধ দমনে সফলতা দেখিয়ে দেশে শান্তি প্রতিষ্ঠা করা হয়েছে। রাজনৈতিক বিশৃঙ্খলা নেই। বিরোধীরাও অনুধাবন করতে পেরেছে যে, জ্বালাও-পোড়াও, হত্যাকা- ও বিশৃঙ্খলা সৃষ্টি করে ক্ষমতায় আসা যাবে না। নির্বাচনের মাধ্যমে জনগণের রায়ের বিকল্প নেই। আর আওয়ামী লীগকেই ভোট দেবে জনগণ।

আগামী নবেম্বরের মধ্যে বিশেষ বিসিএস পরীক্ষার মাধ্যমে সুযোগপ্রাপ্ত সাত হাজার চিকিৎসককে উপজেলা পর্যায়ে পদায়ন দেয়া হবে বলে জানিয়ে মোহাম্মদ নাসিম বলেন, দেশের নার্স সঙ্কট দূর হয়েছে। আর সাত হাজার নতুন চিকিৎসক নিয়োগ প্রক্রিয়া শেষ পর্যায়ে রয়েছে। চিকিৎসক সঙ্কটও দূর হবে।

মোহাম্মদ নাসিম বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে এক হাজার শয্যাবিশিষ্ট স্পেশালাইজড হাসপাতাল নির্মাণ করা হবে। আগামী ১৩ অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। কোরিয়া সরকারের আর্থিক সহায়তায় এ হাসপাতালটি নির্মিত হবে।

চানখারপুলে নির্মাধীন শেখ হাসিনা বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট প্রসঙ্গে নাসিম বলেন, আগামী অক্টোবর মাসে এটির উদ্বোধন করা হবে। এটি বিশ্বের বৃহত্তম বার্ন ইনস্টিটিউট। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর উদ্বোধন করবেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/

27/08/2018

আরও চারটি সরকারী মেডিক্যাল কলেজ চালু হচ্ছে » শেষের পাতা » DAILYJANAKANTHA.COM

এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com